# নিয়োগ বিজ্ঞপ্তিঃ

তৃণমূল উন্নয়ন সংস্থা (টিইউএস), খাগড়াছড়ি পার্বত্য জেলার একটি স্থানীয় এনজিও, মানুষের জন্য ফাউন্ডেশন(এমজেএফ) এর কারিগরী সহযোগিতায় ও ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে লক্ষীছড়ি উপজেলায় দারিদ্রতা হ্রাস এবং অতি দরিদ্র পরিবারের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য **"পার্টনারশীপ ফর রিজিলিয়েন্ট লাইভলিহুড ইন সিএইচটি রিজিওন"** শীর্ষক ৩৮ মাস মেয়াদী একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে লক্ষীছড়ি উপজেলার স্থায়ী বাসিন্দাদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

**পদের নামঃ** সংগঠক/অর্গানাইজার (০৩টি পদঃ লক্ষীছড়ি সদর ইউনিয়ন-০১টি, দুল্যাতলী ইউনিয়ন-০১ এবং বর্মাছড়ি ইউনিয়ন-০১টি)।
**পদের গ্রেড/লেবেলঃ** ডি
**চুক্তির ধরণঃ** ফিক্স (প্রকল্প মেয়াদ)।
**চাকরী স্থানঃ** শাখা অফিস, তৃণমূল উন্নয়ন সংস্থা, লক্ষীছড়ি উপজেলা।
**রিপোর্টি টুঃ** টেকনিক্যাল অফিসার ও প্রকল্প সমন্বয়কারী।
**বেতন ও ভাতাদিঃ** অনুমোদিত প্রকল্পের বাজেট অনুযায়ী।
**প্রকল্পের মেয়াদঃ** ২৪ সেপ্টেম্বর ২০২৩ হতে ৩১ অক্টোবর ২০২৬ পর্যন্ত।

**অভিজ্ঞতাঃ** ন্যূনতম ৩ বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা থাকতে হবে। জীবিকায়ন অথবা সিএস-আইএফএম-এফএফএস পদ্ধতি বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

**শিক্ষাগত যোগ্যতাঃ** যেকোন স্বীকৃত বেসরকারী/সরকারী কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে কৃষি ডিপ্লোমা অথবা স্নাতক ডিগ্রি।

**অন্যান্য দক্ষতাঃ**

- কম্পিউটার, স্মার্টফোন/ট্যাবলয়েট ও ইন্টারনেট ব্যবহারের দক্ষতা থাকতে হবে।
- জীবিকায়ন অথবা সিএস-আইএফএম-এফএফএস পদ্ধতি বিষয়ে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- প্রতিবেদন তৈরী করার দক্ষতা থাকতে হবে।
- শারীরিক সক্ষমতা এবং দুর্গম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- কমিউনিটিদের সাথে সুসম্পর্ক ও যোগাযোগ স্থাপনের জন্য স্থানীয় ভাষায় পারদর্শী হতে হবে।

**দায়িত্ব ও কর্তব্যঃ**

সংগঠক/অর্গানাইজার এর দায়িত্ব ও কর্তব্য হবে নিম্নরূপঃ

১) টেকনিক্যাল অফিসারে ঘনিষ্ঠ নির্দেশনা/তত্ত্বাবধানে কাজ করবেন।
২) প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী আলাদা বাস্তবায়ন পরিকল্পনা তৈরী করবেন।
৩) ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ ও সভার আয়োজনের ব্যবস্থা করবেন।
৪) কৃষক মাঠ দিবস সংগঠিত করবেন এবং ইউনিয়ন পর্যায়ে সরকারী-বেসরকারী সংস্থা ও স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় করবেন।
৫) প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী টেকনিক্যাল অফিসারের নিকট মাসিক প্রতিবেদন জমা দিবেন এবং প্রকল্পের ফলাফল-১,২,ও ৩ সম্পর্কিত তথ্য উপাত্ত সংগ্রহ করবেন।
৬) টেকনিক্যাল অফিসার এবং কমিউনিটি মবিলাইজারের সহযোগিতায় ইউনিয়ন পর্যায়ে সভা, প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করবেন।
৭) এফএফ এর সেশনগুলোতে সিএস-আইএফএম-এফএফএস উপকরণগুলো সঠিকভাবে ব্যবহৃত হয়েছে কিনা নিশ্চিত করবেন।
৮) স্টেকহোল্ডার, স্থানীয় পরিষেবা প্রদানকারী, বেসরকারী খাত এবং ইউনিয়ন পর্যায়ের সরকারী লাইন বিভাগের কর্মকর্তাদের সাথে সংযোগ স্থাপন করবেন।
৯) কমিউনিটি মবিলাইজার এবং ফিল্ড ফেসিলিটেটরদের কার্যক্রম ঘনিষ্ঠভাবে নিরীক্ষণ এবং কৃষক মাঠ স্কুল সম্পর্কিত সমস্যাগুলো কাটিয়ে উঠতে কমিউনিটি মবিলাইজার এবং ফিল্ড ফেসিলিটেটরদের সহায়তা প্রদান করবেন।
১০) কৃষক মাঠ দিবস, ডেমো স্থাপন, শিক্ষা সফর ইত্যাদি আয়োজনে কমিউনিটি মবিলাইজার ও ফিল্ড ফেসিলিটেটরদের সহযোগিতা করবেন।
১১) প্রকল্প সুফলভোগীদের বাড়ি-বাড়ি গিয়ে পরিদর্শন এবং তাদের সমস্যা সমাধানে সহযোগিতা প্রদান করবেন।
১২) চলমান কার্যক্রমের প্রতিবেদন এবং কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রগতি সাধিত হয়েছে তা নিশ্চিত করবেন।
১৩) কমিউনিটি মবিলাইজার ও ফিল্ড ফেসিলিটেটরদের ভাল পারফরমেন্স ও সিএস-আইএফএম-এফএফএস গুণগত বাস্তবায়ন নিশ্চিত করবেন।
১৪) সংশ্লিষ্ট ইউনিয়নে কমিউনিটি মবিলাইজার ও ফিল্ড ফেসিলিটেটরদের সমন্বয় ও তাদের উপাত্তগুলো একত্রিত করবেন।

১৫) মাঠের কার্যক্রম পরিবীক্ষণের জন্য ন্যূনতম ৯০% সময় মাঠে ব্যয় করবেন।
১৬) দায়িত্বপ্রাপ্ত জায়গায় মাসিক অগ্রগতি অর্জন ও ডেলিভারী পরিবীক্ষণ করবেন।
১৭) ইউনিয়ন পর্যায়ে সরকারী লাইন বিভাগ যথা: কৃষি সম্প্রসারণ, প্রাণি সম্পদ, মৎস্য ও বেসরকারী সংস্থাসহ মাঠে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
১৮) কৃষক মাঠ স্কুলের জনগোষ্ঠিদের যেমন কমিউনিটি প্রাণিসম্পদ কর্মী, কমিউনিটি একোয়াকালচার রিসোর্স পারসন, নার্সারী গ্রোয়ার ইত্যাদি এর প্রাথমিক সেবা নিশ্চিত করতে স্থানীয় পর্যায়ে পরিষেবা প্রদানকারীদের সাথে সম্পর্ক স্থাপন করবেন।
১৯) সুফলভোগী নির্বাচন ও দল গঠনে সক্রিয় ভূমিকা পালন করবেন।
২০) প্রকল্পের অন্যান্য ফলাফল ২ ও ৩ সহায়তা ও সমন্বয় করবেন।
২১) সুপারভাইজার কৃর্তক অর্পিত যে কোন ধরনের কাজ সম্পাদন করবেন।

উপরোক্ত পদের জন্য আবেদন করতে হলে অনুগ্রহ করে আপনার আবেদনপত্রটি জীবনবৃত্তান্ত, ১কপি পিপি সাইজের রঙিন ছবি, সকল একাডেমিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সার্কেল চীফের সনদপত্র, ইউনিয়ন পরিষদের সনদপত্রের ফটোকপিসহ **আগামী ১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার** মধ্যে নিম্নোক্ত ঠিকানায় জমা দিন বা প্রেরণ করুন:

**বরাবর, আহবায়ক, নিয়োগ কমিটি, তৃণমূল উন্নয়ন সংস্থা, মারমা সংসদ ভবন (২য় তলা), খাগড়াছড়ি পার্বত্য জেলা or email: tusrecruitment@gmail.com**। খামের উপর প্রার্থীকে অবশ্যই আবেদিত পদের নাম উল্লেখ করতে হবে।

সংক্ষিপ্ত তালিকা আগামী ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৪.৩০ ঘটিকায় তৃণমূল উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে ( www.trinamulchtbd.org) প্রকাশ করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের আগামী ২২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য আমন্ত্রণ জানানো হবে। ইন্টারভিউ সেশনে অংশগ্রহনের জন্য সংস্থা কোন প্রকার টিএ/ডিএ প্রদান করবে না।

**নারী ও প্রতিবন্ধি প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।**

**বিশেষ দ্রষ্টব্য:** কোন প্রার্থী নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ বা প্রভাবিত করার চেষ্টা করলে তার প্রার্থীতা অযোগ্য বলে বিবেচনা করা হবে। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত, পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

আহ্বায়ক
নিয়োগ কমিটি
তৃণমূল উন্নয়ন সংস্থা